যুব উন্নয়ন অধিদপ্তর

সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে নিয়োগের বাছাই পরীক্ষা-২০২৬ (MCQ)

পদের নাম: সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

সময়: ১ ঘণ্টা | **পরীক্ষার তারিখ: ১০.১০.২০২৬ (ছুগিত)** | **পূর্ণমান: ১০০**

বাংলা ভাষা ও ব্যাকরণ (প্রশ্ন ১–২০)

১. প্রত্যেক ভাষার কয়টি মৌলিক অংশ আছে?

ক. দুটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি

উত্তর: গ. চারটি

ব্যাখ্যা: প্রত্যেক ভাষার চারটি মৌলিক অংশ থাকে: ধ্বনি, শব্দ, বাক্য ও অর্থ।
ব্যাকরণে এগুলো আলোচিত হয় যথাক্রমে ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্বে।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ১০ (প্রশ্ন ১) ও ২৪

২. বাংলা ভাষায় মাত্রাবিহীন বর্ণ কয়টি?

ক. আটটি খ. দশটি
গ. এগারোটি ঘ. নয়টি

উত্তর: খ. দশটি

ব্যাখ্যা: বাংলা বর্ণমালার ৫০টি বর্ণের মধ্যে মাত্রাহীন বর্ণ ১০টি: স্বরবর্ণে ৪টি (এ, ঐ, ও, ঔ) এবং ব্যঞ্জনবর্ণে ৬টি (ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ)।
পূর্ণমাত্রার বর্ণ ৩২টি এবং অর্ধমাত্রার বর্ণ ৮টি (ঋ, খ, গ, ণ, থ, ধ, প, শ)।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ৬০ (প্রশ্ন ৩) ও ৬১৫ (১৮তম বিসিএস, প্রশ্ন ১)

৩. নিচের কোনগুলো পরাশ্রয়ী বর্ণ?

ক. ঙ, ঞ, ন খ. ং, ঃ
গ. শ, ষ, স ঘ. ও, ড়, ঢ়

উত্তর: খ. ং, ঃ

ব্যাখ্যা: যে বর্ণ স্বাধীনভাবে ব্যবহৃত হয় না, অন্য বর্ণের আশ্রয়ে উচ্চারিত হয়, তাকে পরাশ্রয়ী বর্ণ বলে। পরাশ্রয়ী বর্ণ ৩টি: ং (অনুস্বার), ঃ (বিসর্গ) ও ঁ (চন্দ্রবিন্দু)।
ঙ, ঞ, ন নাসিক্য বর্ণ; শ, ষ, স উষ্ম বর্ণ; ড়, ঢ় তাড়নজাত বর্ণ।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ৫০ (প্রশ্ন ২৫) ও ৫৮

৪. স্বভাবতই 'ণ' হয়েছে কোনটিতে?

ক. ঋণ খ. বর্ণনা
গ. পণ ঘ. ভাষণ

উত্তর: গ. পণ

ব্যাখ্যা: কোনো নিয়ম ছাড়াই কিছু শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ণ' বসে; 'পণ' এমন একটি শব্দ। এরকম আরও শব্দ: গণ, মণি, বাণিজ্য, লবণ, বীণা, বেণী, কণা, চাণক্য।
অন্যগুলোতে ণত্ব বিধানের নিয়মে 'ণ' হয়েছে: ঋণ (ঋ-এর পরে), বর্ণনা (র-এর পরে), ভাষণ (ষ-এর পরে)।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ৩৪৩ (প্রশ্ন ১৩)

৫. 'অহরহ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. অহ + অহ খ. অহঃ + অহ
গ. অহঃ + রহ ঘ. অহ + রহ

উত্তর: খ. অহঃ + অহ

ব্যাখ্যা: অহঃ + অহ = অহরহ। এটি বিসর্গ সন্ধি: অ-কারের পরের বিসর্গ র-জাত হলে এবং পরে স্বরধ্বনি বা ঘোষ ব্যঞ্জন থাকলে বিসর্গ 'র'-এ পরিণত হয়।
একই নিয়মে: পুনঃ + আয় = পুনরায়, অন্তঃ + গত = অন্তর্গত।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ১০৪ (প্রশ্ন ২)

৬. কোনটির শেষে স্ত্রীবাচক শব্দ যোগ করে লিঙ্গান্তর করতে হয়?

ক. গয়লা খ. পুলিশ
গ. কবি ঘ. কর্মী

উত্তর: ক. গয়লা

ব্যাখ্যা: কিছু শব্দের শেষে পৃথক স্ত্রীবাচক শব্দ যোগ করে লিঙ্গান্তর করা হয়: গয়লা → গয়লা-বউ, জেলে → জেলে-বউ, বোনপো → বোনঝি, ঠাকুরপো → ঠাকুরঝি।
অন্যদিকে কবি, কর্মী, পুলিশ ইত্যাদি শব্দের আগে স্ত্রীবাচক শব্দ বসে: মহিলা কবি, মহিলা কর্মী, মহিলা পুলিশ।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ৩৯৮ (প্রশ্ন ২৫) ও ৪০১ (তালিকা) — অনুরূপ

৭. 'কুলি' শব্দের লিঙ্গান্তর কী হবে?

ক. কামিনী খ. কুলিনী
গ. কামিন ঘ. কামীনি

উত্তর: গ. কামিন

ব্যাখ্যা: 'কুলি' শব্দের স্ত্রীবাচক রূপ 'কামিন'। এখানে প্রত্যয় যোগে নয়, ভিন্ন শব্দ দিয়ে লিঙ্গান্তর হয়েছে।
এরকম আরও: বর → কনে, কর্তা → গিন্নি, সাহেব → বিবি, দেবর → ননদ।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ৩৯৯ (প্রশ্ন ৩৪) ও ৪০০ (তালিকা)

৮. কোনটি ধ্বন্যাত্মক দ্বিরুক্তি?

ক. ঝিকিমিকি খ. মারামারি
গ. ছটফট ঘ. চাল-চলন

উত্তর: ক. ঝিকিমিকি

ব্যাখ্যা: কোনো ধ্বনি বা অনুভূতির অনুকরণে গঠিত শব্দ দুবার বসলে তাকে ধ্বন্যাত্মক দ্বিরুক্তি বলে। 'ঝিকিমিকি' আলোর ঔজ্জ্বল্যের অনুকারে গঠিত ধ্বন্যাত্মক দ্বিরুক্তি; একই ধরনের: হু হু (বাতাস), ঝমঝম (বৃষ্টি), ঘেউ ঘেউ (কুকুর)।
'মারামারি' পারস্পরিক ক্রিয়া বোঝাতে শব্দের দ্বিরুক্তি এবং 'চাল-চলন' সহচর শব্দযোগে গঠিত দ্বিরুক্তি।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ৪০৪

৯. নিচের কোনটি ক্রমবাচক সংখ্যা?

ক. পহেলা খ. আট
গ. পনেরই ঘ. অষ্টম

উত্তর: ঘ. অষ্টম

ব্যাখ্যা: নবম-দশম শ্রেণির ব্যাকরণ অনুযায়ী সংখ্যাবাচক শব্দ চার প্রকার: অঙ্কবাচক (১, ২, ৩), পরিমাণবাচক (এক, দুই, তিন্ আট), ক্রমবাচক (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, অষ্টম) এবং তারিখবাচক (পহেলা, দোসরা, পনেরই)। তাই 'অষ্টম' ক্রমবাচক সংখ্যা।
'আট' পরিমাণবাচক এবং 'পহেলা' ও 'পনেরই' তারিখবাচক সংখ্যা।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ৪০২ (তালিকা) ও ৪০৩ (প্রশ্ন ২)

১০. নিচের কোনটি বিপরীতার্থক দ্বন্দ্ব?

ক. অহি-নকুল খ. জমা-খরচ
গ. মাসি-পিসি ঘ. হাট-বাজার

উত্তর: খ. জমা-খরচ

ব্যাখ্যা: বিপরীত অর্থের দুটি পদ মিলে যে দ্বন্দ্ব সমাস হয়, তা বিপরীতার্থক দ্বন্দ্ব: জমা ও খরচ = জমা-খরচ। একই রকম: আয়-ব্যয়, দিবা-রাত্রি, ধনী-দরিদ্র।
অহি-নকুল (অহি ও নকুল) বিরোধার্থক দ্বন্দ্ব, মাসি-পিসি মিলনার্থক দ্বন্দ্ব এবং হাট-বাজার সমার্থক দ্বন্দ্ব।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ২৩০ (তালিকা) ও ২৩১ (প্রশ্ন ১০)

১১. কোনটি নিত্য সমাস?

ক. দর্শনমাত্র খ. অনুতাপ
গ. উপকূল ঘ. পীতাম্বর

উত্তর: ক. দর্শনমাত্র

ব্যাখ্যা: যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে এবং ব্যাসবাক্য হয় না বা অন্য পদের সাহায্যে ব্যাসবাক্য করতে হয়, তা নিত্য সমাস। দর্শনমাত্র = কেবল দর্শন; একই রকম: জলমাত্র, অন্য গ্রাম = গ্রামান্তর।
অনুতাপ (পশ্চাৎ তাপ) প্রাদি সমাস, উপকূল (কূলের সমীপে) অব্যয়ীভাব সমাস এবং পীতাম্বর (পীত অম্বর যার) বহুব্রীহি সমাস।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ২৫৬ (তালিকা)

১২. কোনটির অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে?

ক. উপসর্গ খ. অনুসর্গ
গ. শব্দ বিভক্তি ঘ. ক্রিয়া বিভক্তি

উত্তর: ক. উপসর্গ

ব্যাখ্যা: উপসর্গের নিজস্ব কোনো অর্থ নেই (অর্থবাচকতা নেই), কিন্তু শব্দের আগে বসে নতুন অর্থ সৃষ্টি করে বা অর্থের পরিবর্তন ঘটায় (অর্থদ্যোতকতা আছে)।
যেমন: 'হার' শব্দের আগে উপসর্গ বসে আহার, প্রহার, বিহার, উপহার, সংহার।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ১১৫ (প্রশ্ন ১১) ও ১১৪

১৩. কোনটি বিদেশি ধাতু?

ক. টুট্ খ. হস্
গ. খাদ্ ঘ. শ্রু

উত্তর: ক. টুট্

ব্যাখ্যা: হিন্দি, আরবি, ফারসি প্রভৃতি ভাষা থেকে আগত ধাতুকে বিদেশি (বিদেশাগত) ধাতু বলে। 'টুট্' বিদেশি ধাতু; এরকম আরও: খাট্, জম্, ঝুল্, টান্, ডর্, ভিড়্।
'খাদ্', 'শ্রু' ও 'হস্' সংস্কৃত (তৎসম) ধাতু।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ১৩৬ (তালিকা)

১৪. কোনটি আদরার্থে প্রত্যয়যুক্ত হয়েছে?

ক. বোনাই খ. কেষ্টা
গ. নিমাই ঘ. গিন্নিপনা

উত্তর: গ. নিমাই

ব্যাখ্যা: আদর বা স্নেহ বোঝাতে নামের শেষে '-আই' প্রত্যয় যুক্ত হয়: নিমাই, কানাই, বলাই।
'কেষ্টা' অবজ্ঞার্থে (-আ প্রত্যয়), 'গিন্নিপনা' ভাব অর্থে (-পনা প্রত্যয়) এবং 'বোনাই' (বোনের স্বামী) সম্পর্কবাচক শব্দ।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ২২৪ (তালিকা) ও ২২৫ (প্রশ্ন ৬) — অনুরূপ

১৫. কোনটি সমাসসিদ্ধ বিশেষণ?

ক. কবেকার কথা খ. আচ্ছা মানুষ
গ. নৈতিক বল ঘ. চৌচালা ঘর

উত্তর: ঘ. চৌচালা ঘর

ব্যাখ্যা: সমাসের মাধ্যমে গঠিত বিশেষণকে সমাসসিদ্ধ বিশেষণ বলে: চৌচালা (চার চালা যার) ঘর; একই রকম: বেকার যুবক, জ্ঞানহারা মানুষ।
'কবেকার কথা' সর্বনামজাত, 'আচ্ছা মানুষ' অব্যয়জাত এবং 'নৈতিক বল' তদ্ধিতান্ত বিশেষণ।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ১৭৮ (তালিকা)

১৬. সমুচ্চয়ী অব্যয় কত প্রকার?

ক. পাঁচ খ. চার
গ. তিন ঘ. দুই

উত্তর: গ. তিন

ব্যাখ্যা: সমুচ্চয়ী অব্যয় (সম্বন্ধবাচক যোজক) তিন প্রকার:
১. সংযোজক: ও, এবং, আর; ২. বিয়োজক: বা, অথবা, কিংবা, নতুবা;
৩. সংকোচক: কিন্তু, অথচ, বরং।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ১৯৯

১৭. 'রোগ হলে ঔষধ খাবে' - কোন অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?

ক. উপদেশ খ. অনুরোধ
গ. প্রার্থনা ঘ. বিধান

উত্তর: ঘ. বিধান

ব্যাখ্যা: অনুজ্ঞা ভাবে আদেশ, উপদেশ, অনুরোধ, প্রার্থনা, বিধান ইত্যাদি প্রকাশ পায়। কোনো নিয়ম বা করণীয় নির্দেশ করলে তা বিধান অর্থে অনুজ্ঞা; 'রোগ হলে ঔষধ খাবে' বাক্যে 'খাবে' বিধান অর্থে ভবিষ্যৎ অনুজ্ঞা।
তুলনীয়: 'দয়া করে একবার এসো' (অনুরোধ), 'হে প্রভু, আমাদের রক্ষা করো' (প্রার্থনা)।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ১৯৬ (প্রশ্ন ৪) ও ১৯১

১৮. কোনটি সম্প্রদান কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?

ক. ফুলে ফুলে ঘর ভরেছে
খ. পাগলে কি না বলে
গ. তিলে তেল হয়
ঘ. সমিতিতে চাঁদা দাও

উত্তর: ঘ. সমিতিতে চাঁদা দাও

ব্যাখ্যা: স্বত্ব ত্যাগ করে কাউকে কিছু দান করা হলে যাকে দান করা হয়, তা সম্প্রদান কারক। 'সমিতিতে চাঁদা দাও' বাক্যে 'সমিতিতে' সম্প্রদানে সপ্তমী (তে বিভক্তি)।
অন্যগুলো: ফুলে ফুলে (করণে সপ্তমী), পাগলে (কর্তায় সপ্তমী), তিলে (অপাদানে সপ্তমী)।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ২৭৮ (প্রশ্ন ২) ও ২৭৯ (প্রশ্ন ১৪) — অনুরূপ

১৯. নষ্ট হওয়া স্বভাব যার - এক কথায় কী হবে?

ক. অবিনশ্বর খ. নশ্বর
গ. নষ্টস্বভাব ঘ. বিনষ্ট

উত্তর: খ. নশ্বর

ব্যাখ্যা: 'নষ্ট হওয়া স্বভাব যার' বাক্যাংশের এক কথায় প্রকাশ 'নশ্বর'। বিপরীতে, 'যার বিনাশ নেই' = অবিনশ্বর।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ৫৫১ (প্রশ্ন ৮) ও ৬১১ (২৫তম বিসিএস, প্রশ্ন ২)

২০. 'শরতের শিশির' এই বাগধারার অর্থ কী?

ক. দুর্বিপাক খ. সুসময়ের বন্ধু
গ. ক্ষুদ্রকণা ঘ. অদৃশ্য

উত্তর: খ. সুসময়ের বন্ধু

ব্যাখ্যা: শরৎকালের শিশির সকালে দেখা দেয়, রোদ উঠলেই মিলিয়ে যায়। তাই 'শরতের শিশির' বাগধারার অর্থ সুসময়ের বন্ধু বা ক্ষণস্থায়ী (যে বন্ধু শুধু সুসময়ে থাকে)।
একই অর্থে: বসন্তের কোকিল, দুধের মাছি।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা ব্যাকরণ; মার্চ ২০২৫; পৃষ্ঠা: ৫২৩ (প্রশ্ন ১৩) ও ৬০০ (৪০তম বিসিএস, প্রশ্ন ১)

বাংলা সাহিত্য (প্রশ্ন ২১–২৫)

২১. 'আনোয়ারা' উপন্যাসের রচয়িতার নাম-

ক. সৈয়দ মুজতবা আলী
খ. কাজী আবদুল ওদুদ
গ. নজিবর রহমান
ঘ. রোকেয়া সাখাওয়াত হোসেন

উত্তর: গ. নজিবর রহমান

ব্যাখ্যা: 'আনোয়ারা' (১৯১৪) উপন্যাসের রচয়িতা মোহাম্মদ নজিবর রহমান, যিনি 'সাহিত্যরত্ন' উপাধিতে পরিচিত।
তাঁর অন্যান্য উপন্যাস: প্রেমের সমাধি, চাঁদতারা, গরীবের মেয়ে।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা সাহিত্য; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৩৭৭ (৪৪তম বিসিএস, প্রশ্ন ৩) ও ৩৫৯ (৩২তম বিসিএস, প্রশ্ন ৫)

২২. 'মানুষের মৃত্যু হলে তবুও মানব থেকে যায়'- কে রচনা করেন এই কাব্যাংশ?

ক. সুধীন্দ্রনাথ দত্ত
খ. প্রেমেন্দ্র মিত্র
গ. সমর সেন
ঘ. জীবনানন্দ দাশ

উত্তর: ঘ. জীবনানন্দ দাশ

ব্যাখ্যা: উদ্ধৃত চরণটি জীবনানন্দ দাশের 'মানুষের মৃত্যু হলে' কবিতার প্রথম চরণ।
জীবনানন্দ দাশের উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ: ঝরা পালক (প্রথম), ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, সাতটি তারার তিমির, রূপসী বাংলা। তিনি 'রূপসী বাংলার কবি' নামে পরিচিত।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা সাহিত্য; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৩৭৬ (৪৩তম বিসিএস, প্রশ্ন ২১)

২৩. 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থে সংকলিত প্রথম কবিতা-

ক. অগ্রপথিক
খ. বিদ্রোহী
গ. প্রলয়োল্লাস
ঘ. ধূমকেতু

উত্তর: গ. প্রলয়োল্লাস

ব্যাখ্যা: কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা' (১৯২২)-এর প্রথম কবিতা 'প্রলয়োল্লাস'; দ্বিতীয় কবিতা 'বিদ্রোহী'।
কাব্যগ্রন্থটিতে ১২টি কবিতা আছে এবং এটি বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষকে উৎসর্গ করা।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা সাহিত্য; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৩৩৪ (১০ম বিসিএস, প্রশ্ন ৩) ও ৩৭০ (৩৮তম বিসিএস, প্রশ্ন ১৭)

২৪. মধুসূদন দত্ত রচিত 'বীরাঙ্গনা' একটি-

ক. মহাকাব্য
খ. পত্রকাব্য
গ. গীতিকাব্য
ঘ. আখ্যানকাব্য

উত্তর: খ. পত্রকাব্য

ব্যাখ্যা: মাইকেল মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা কাব্য' (১৮৬২) বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য। এতে পৌরাণিক নারীদের লেখা ১১টি পত্র রয়েছে; রোমান কবি ওভিদের 'Heroides'-এর আদর্শে রচিত।
তাঁর মহাকাব্য: মেঘনাদবধ কাব্য (১৮৬১)।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা সাহিত্য; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৩৫৮ (৩১তম বিসিএস, প্রশ্ন ৬)

২৫. 'বঙ্গদর্শন' পত্রিকা কোন সালে প্রথম প্রকাশিত হয়?

ক. ১৮৬৫ সালে
খ. ১৮৭২ সালে
গ. ১৮৭৫ সালে
ঘ. ১৮৮১ সালে

উত্তর: খ. ১৮৭২ সালে

ব্যাখ্যা: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পাদনায় মাসিক 'বঙ্গদর্শন' পত্রিকা ১৮৭২ সালে (বৈশাখ ১২৭৯) প্রথম প্রকাশিত হয়।
পরবর্তীকালে ১৯০১ সালে 'নবপর্যায় বঙ্গদর্শন' সম্পাদনা করেন রবীন্দ্রনাথ ঠাকুর।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলা সাহিত্য; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৩৩৮ (১৫তম বিসিএস, প্রশ্ন ৩)

English (প্রশ্ন ২৬–৫০)

২৬. The antonym of the word 'Kindness' is ____

ক. Rancour
খ. Woo
গ. Malice
ঘ. Adversity

উত্তর: গ. Malice

ব্যাখ্যা: Kindness (n) – দয়া, সদয় ভাব। এর বিপরীত শব্দ Malice (n) – বিদ্বেষ, অনিষ্ট করার ইচ্ছা।
অন্য অপশন: Rancour – তিক্ত আক্রোশ (মূলত goodwill-এর বিপরীত); Woo – প্রণয়প্রার্থনা করা, মন জয়ের চেষ্টা করা; Adversity – দুর্দশা, দুর্ভাগ্য (prosperity-র বিপরীত)।

২৭. Find out the feminine gender:

ক. Filly
খ. Buck
গ. Count
ঘ. Stag

উত্তর: ক. Filly

ব্যাখ্যা: Filly – অল্পবয়সি মাদি ঘোড়া (ঘোটকী শাবক); এর masculine রূপ Colt।
অন্যগুলো masculine: Buck (পুরুষ হরিণ/খরগোশ, fem. Doe), Count (কাউন্ট, fem. Countess), Stag (পুরুষ হরিণ, fem. Hind)।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ৬০ (তালিকা) ও ৬৬ (প্রশ্ন ১৯)

২৮. Find out the masculine gender:

ক. Time
খ. Earth
গ. Ship
ঘ. Child

উত্তর: ক. Time

ব্যাখ্যা: Personification-এ শক্তি, কঠোরতা ও মহত্ত্ব প্রকাশক বস্তুকে masculine ধরা হয়: Time, Sun, Death, Winter, Thunder, Fear।
কোমলতা ও সৌন্দর্য প্রকাশক বস্তু feminine: Earth, Moon, Ship, Nature, Spring। Child – common gender।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ৬৫ (তালিকা) ও ৬৬ (প্রশ্ন ২০)

২৯. Which one is correct?

ক. One of the boys were absent yesterday
খ. One of the boys is absent yesterday
গ. One of the boys was absent yesterday
ঘ. One of the boy is absent yesterday

উত্তর: গ. One of the boys was absent yesterday

ব্যাখ্যা: **Rule:** One of + plural noun + singular verb. এখানে subject 'One', তাই verb singular হবে।
'yesterday' অতীত কাল নির্দেশ করে, তাই 'was' বসবে: One of the boys was absent yesterday.
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ২৫৫ (প্রশ্ন ১৬)

৩০. He will come <u>tomorrow</u>. The underlined word is a/an-

ক. Adjective
খ. Adverb
গ. Verb
ঘ. Noun

উত্তর: খ. Adverb

ব্যাখ্যা: 'tomorrow' এখানে verb 'come'-কে কখন তা নির্দেশ করে modify করেছে, তাই এটি Adverb of time।
তুলনীয়: Tomorrow is Friday. (এখানে tomorrow – Noun)
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ৮৬ (প্রশ্ন ১১) — অনুরূপ

৩১. The synonym for 'Spurn' is-

ক. Spurious খ. Forged
গ. Counterfeit ঘ. False

উত্তর: ঘ. False

ব্যাখ্যা: Spurn (v) – ঘৃণাভরে প্রত্যাখ্যান করা; এর synonym: reject, scorn, rebuff। অপশনের কোনোটিই Spurn-এর সমার্থক নয়।
অপশনের শব্দগুলো 'নকল/ভুয়া' অর্থের: Spurious – ভুয়া, জাল; Forged – জাল করা; Counterfeit – নকল; False – মিথ্যা।

৩২. He is not known here. (Change into active form)

ক. He is not unknown here
খ. He is not known to all.
গ. None knows him here.
ঘ. None.

উত্তর: গ. None knows him here.

ব্যাখ্যা: Passive বাক্যে agent উহ্য থাকলে active করার সময় উপযুক্ত subject বসাতে হয়। Negative passive-এর ক্ষেত্রে 'nobody/none' subject হয়।
Structure: Nobody/None + verb + object → None knows him here. (Nobody knows him here. – আরও প্রচলিত রূপ)

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ৩১৮ (৪৩তম বিসিএস, প্রশ্ন ৩০) ও ৩১৯ (প্রশ্ন ৩৮) — অনুরূপ

৩৩. Translate into English: 'তার মনে মাতৃত্ব জেগে উঠল।'

ক. The mother rose in her.
খ. The mother rise in her.
গ. The mother has rosen in her.
ঘ. None.

উত্তর: ক. The mother rose in her.

ব্যাখ্যা: এখানে 'the mother' (common noun) abstract অর্থে 'মাতৃত্ব/মাতৃভাব' বোঝাচ্ছে। ঘটনাটি অতীতের, তাই rise-এর past form 'rose': The mother rose in her.
'rise' present tense; 'rosen' শুদ্ধ শব্দ নয় (rise – rose – risen)।

৩৪. Translate into English: 'ওদের দুইজনের কেউ এটা করেনি।'

ক. Neither of them have not done it.
খ. Neither of them did not do it.
গ. Neither of them did it.
ঘ. Neither of them do it.

উত্তর: গ. Neither of them did it.

ব্যাখ্যা: দুজনের মধ্যে 'কেউই না' বোঝাতে Neither বসে; Neither নিজেই negative, তাই বাক্যে আর 'not' বসবে না।
Neither of + plural noun/pronoun-এর পরে singular verb বসে; ঘটনা অতীতের, তাই: Neither of them did it.

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ৪৩ (তালিকা) ও ২৫৫ (প্রশ্ন ২০)

৩৫. Since you are ill, you need not go. Here 'you need not go' is-

ক. Principal clause খ. Subordinate clause
গ. Adverbial clause ঘ. Adjective clause

উত্তর: ক. Principal clause

ব্যাখ্যা: যে clause অন্য clause-এর ওপর নির্ভর না করে নিজে সম্পূর্ণ অর্থ প্রকাশ করে, তা Principal clause; 'you need not go' তেমন clause।
'Since you are ill' – Subordinate clause (Adverbial clause of reason)।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ২৩১ (প্রশ্ন ১) ও ২৩৬ (প্রশ্ন ৯) — অনুরূপ

৩৬. I have bitter experiences in service. (Change into Interrogative)

ক. I have no bitter experiences in service.
খ. Do I have bitter experiences in service?
গ. Do not I have bitter experiences in service?
ঘ. None.

উত্তর: গ. Do not I have bitter experiences in service?

ব্যাখ্যা: Assertive থেকে Interrogative করার সময় অর্থ অপরিবর্তিত রাখতে affirmative বাক্যকে negative interrogative করতে হয়।
Structure: Don't/Do + subject + not + verb …? → Don't I have bitter experiences in service? (বা Do I not have …?)

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ২৯২ (প্রশ্ন ৪) — অনুরূপ

৩৭. I have a book. (Change into Negative-Interrogative)

ক. Have I not a book?
খ. Have not I a book?
গ. a and b both
ঘ. Have not I a book?

উত্তর: ক. Have I not a book?

ব্যাখ্যা: 'have' মূল verb হিসেবে থাকলে (British রীতিতে) negative-interrogative: Have I not a book? বা সংক্ষেপে Haven't I a book? 'not' পূর্ণরূপে থাকলে subject-এর পরে বসে; 'Have not I' রূপটি প্রাচীন রীতির, আধুনিক ইংরেজিতে অপ্রচলিত।
আধুনিক রীতিতে: Don't I have a book?

বিশেষ দ্রষ্টব্য: প্রশ্নপত্রে খ ও ঘ অপশন একই রকম ছাপা হয়েছে।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ২৯২ (প্রশ্ন ৪) — অনুরূপ

৩৮. 'Finding My Way: A Memoir' is written by-

ক. Kamala Harris খ. Prince Harry
গ. Malala Yousafzai ঘ. None.

উত্তর: গ. Malala Yousafzai

ব্যাখ্যা: 'Finding My Way: A Memoir' নোবেলজয়ী মালালা ইউসুফজাইয়ের নতুন স্মৃতিকথা, প্রকাশিত হয় ২১ অক্টোবর ২০২৫। তাঁর আগের আত্মজীবনী 'I Am Malala' (২০১৩)।
Kamala Harris-এর সাম্প্রতিক বই '107 Days' এবং Prince Harry-এর স্মৃতিকথা 'Spare'।

৩৯. Mother sang her baby ____ sleep.
ক. at খ. for
গ. with ঘ. to
উত্তর: ঘ. to
ব্যাখ্যা: sing someone to sleep – গান গেয়ে ঘুম পাড়ানো; এখানে 'to' ফলাফল (result) নির্দেশ করে।
একই রকম: rock a baby to sleep, read a child to sleep।

৪০. Ruhul has much money. Here 'much' is ____
ক. Adjective খ. Adverb
গ. Noun ঘ. Preposition
উত্তর: ক. Adjective
ব্যাখ্যা: 'much' এখানে uncountable noun 'money'-এর পরিমাণ নির্দেশ করছে, তাই এটি Adjective of quantity।
তুলনীয়: He is much better now. (এখানে much – Adverb)
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ৭৫ (প্রশ্ন ২)

৪১. Fill in the gap with appropriate tag question: Nobody phoned, ____?
ক. did they খ. did not they
গ. do they ঘ. do not they
উত্তর: ক. did they
ব্যাখ্যা: Nobody, no one, none, nothing ইত্যাদি negative অর্থ দেয়, তাই tag হবে affirmative। Nobody/somebody-র tag-এ pronoun হিসেবে 'they' বসে।
মূল বাক্যের verb 'phoned' (past), তাই auxiliary 'did': Nobody phoned, did they?

৪২. What is the singular form of 'ours'?
ক. Our খ. Mine
গ. We ঘ. Us
উত্তর: খ. Mine
ব্যাখ্যা: 'ours' first person plural possessive pronoun; এর singular রূপ 'mine'।
একইভাবে: we → I, us → me, our → my।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ৩৮ (তালিকা)

৪৩. Identify the correct spelling-
ক. Ascrib খ. Accribe
গ. Asscribe ঘ. Ascribe
উত্তর: ঘ. Ascribe
ব্যাখ্যা: শুদ্ধ বানান Ascribe (v) – কোনো কিছুর কারণ বা কৃতিত্ব কারও ওপর আরোপ করা। যেমন: He ascribed his success to hard work.
Ascrib-এ শেষের e বাদ পড়েছে, Accribe-এ s-এর বদলে c এবং Asscribe-এ s দুবার লেখা হয়েছে।

৪৪. Who is known as poet of childhood?
ক. William Wordsworth
খ. Shelley
গ. Byron
ঘ. Keats
উত্তর: ক. William Wordsworth
ব্যাখ্যা: William Wordsworth শৈশবের নিষ্পাপতা ও প্রকৃতির সঙ্গে শিশুমনের সম্পর্ককে কবিতায় মহিমান্বিত করেছেন ("The Child is father of the Man"; 'Ode: Intimations of Immortality from Recollections of Early Childhood')। তাই তাঁকে 'poet of childhood' বলা হয়; তিনি 'poet of nature' নামেও পরিচিত।
Keats – poet of beauty; Shelley ও Byron – রোমান্টিক যুগের বিদ্রোহী কবি।

৪৫. Which period of English literature is Modern age?
ক. 1400-1485 খ. 1832-1901
গ. 1500-1660 ঘ. 1901-1939
উত্তর: ঘ. 1901-1939
ব্যাখ্যা: ইংরেজি সাহিত্যের যুগবিভাগে Modern Age ধরা হয় ১৯০১ সাল থেকে (প্রচলিত বিভাজনে ১৯০১–১৯৩৯)।
1832–1901 Victorian Age এবং 1500–1660 Renaissance; 1400–1485 পঞ্চদশ শতকের তুলনামূলক বন্ধ্যা যুগ।

৪৬. What is the plural form of 'Dwarf'?
ক. Dwarves খ. Dwarfs
গ. Dwarfes ঘ. Dwarfess
উত্তর: খ. Dwarfs
ব্যাখ্যা: f বা fe-তে শেষ হওয়া noun-এর plural সাধারণত f/fe বাদ দিয়ে -ves যোগে হয় (knife – knives), তবে কিছু ব্যতিক্রমে শুধু -s যুক্ত হয়: chief – chiefs, roof – roofs, proof – proofs, dwarf – dwarfs।
বিশেষ দ্রষ্টব্য: আধুনিক অভিধানে 'dwarves' রূপটিও স্বীকৃত (বিশেষত কল্পকাহিনিতে); তবে ব্যাকরণের প্রচলিত নিয়ম ও অভিধানের প্রধান রূপ অনুযায়ী 'dwarfs' অধিকতর গ্রহণযোগ্য।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ৫০ (তালিকা)

৪৭. Identify the correct spelling?
ক. Prophesy খ. Proophesy
গ. Prophessy ঘ. Propeny
উত্তর: ক. Prophesy
ব্যাখ্যা: শুদ্ধ বানান Prophesy (v) – ভবিষ্যদ্বাণী করা।
এর noun রূপ Prophecy – ভবিষ্যদ্বাণী; prophet – নবি/ভবিষ্যদ্বক্তা।

৪৮. The word 'docile' refers to-
ক. tame খ. wild
গ. angry ঘ. disheartened
উত্তর: ক. tame
ব্যাখ্যা: Docile (adj) – শান্ত, বাধ্য, পোষ মানে এমন; synonym: tame, obedient, submissive।
অন্য অপশন: wild – বন্য (docile-এর বিপরীত), angry – রাগান্বিত, disheartened – হতাশ।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ৩৬৩ (প্রশ্ন ২৭)

৪৯. This is the girl who did it. Here 'who did it' is-

ক. Principal clause খ. Adjective clause
গ. Adverbial clause ঘ. Nominal clause

উত্তর: খ. Adjective clause

ব্যাখ্যা: Relative pronoun (who, which, that ইত্যাদি) দিয়ে শুরু হয়ে যে clause আগের noun-কে বিশেষায়িত করে, তা Adjective (Relative) clause।
এখানে 'who did it' clause-টি noun 'the girl'-কে বিশেষায়িত করেছে।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ২৩৩ (৫০তম বিসিএস, প্রশ্ন ১) ও ২৩৪ (প্রশ্ন ৩) — অনুরূপ

৫০. Choose the correct preposition in the blank. She came ____ air.

ক. through খ. by
গ. in ঘ. with

উত্তর: খ. by

ব্যাখ্যা: যানবাহন বা যাতায়াতের মাধ্যম বোঝাতে article ছাড়া 'by' বসে: by air, by bus, by train, by sea।
তবে article বা possessive থাকলে in/on বসে: in my car, on the bus।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি English Language; আগস্ট ২০২৬; পৃষ্ঠা: ১৩৩

গাণিতিক যুক্তি (প্রশ্ন ৫১–৬৫)

৫১. ৫০০ টাকায় বিক্রয় করায় ২৫% লাভ হলো, ক্রয়মূল্য কত?

ক. ৬২৫ টাকা খ. ৫৬৫ টাকা
গ. ৪০০ টাকা ঘ. ৬৭৫ টাকা

উত্তর: গ. ৪০০ টাকা

সমাধান: ক্রয়মূল্য ১০০ টাকা হলে ২৫% লাভে বিক্রয়মূল্য ১২৫ টাকা।
$\therefore$ ক্রয়মূল্য $= \frac{৫০০ \times ১০০}{১২৫}$ টাকা $= ৪০০$ টাকা।
যাচাই: ৪০০ টাকার ২৫% = ১০০ টাকা; ৪০০ + ১০০ = ৫০০ টাকা

জেনে রাখুন: শর্টকাট: ২৫% লাভে বিক্রয়মূল্য = ক্রয়মূল্যের $\frac{৫}{৪}$ অংশ;
তাই ক্রয়মূল্য $= ৫০০ \times \frac{৪}{৫} = ৪০০$ টাকা।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৪৯৬ (Type-1, প্রশ্ন ২৭) ও ৪৯৭ (প্রশ্ন ৩৪) — অনুরূপ

৫২. দু'টি সংখ্যার যোগফল ১৫ এবং বিয়োগফল ১৩, ছোট সংখ্যাটি কত?

ক. ১ খ. ২
গ. ৪ ঘ. ১৪

উত্তর: ক. ১

সমাধান: মনে করি, বড় সংখ্যা x এবং ছোট সংখ্যা y।
তাহলে, $x + y = ১৫$ এবং $x - y = ১৩$
বিয়োগ করে, $২y = ১৫ - ১৩ = ২$
$\therefore y = ১$; আর বড় সংখ্যা $x = ১৫ - ১ = ১৪$
যাচাই: ১৪ + ১ = ১৫ এবং ১৪ − ১ = ১৩

জেনে রাখুন: শর্টকাট: ছোট সংখ্যা = (যোগফল − বিয়োগফল) ÷ ২ = $\frac{১৫ - ১৩}{২} = ১$

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৩৪৩ (Type-5, প্রশ্ন ৩৮)

৫৩. দ্বিঘাত সমীকরণের বাস্তব মূল সর্বোচ্চ কয়টি?

ক. ০টি খ. ১টি
গ. ২টি ঘ. ৩টি

উত্তর: গ. ২টি

ব্যাখ্যা: দ্বিঘাত সমীকরণ $ax^২ + bx + c = ০$ $(a \neq ০)$-এ চলকের সর্বোচ্চ ঘাত ২, তাই এর মূল সর্বোচ্চ ২টি।
নিরূপক $b^২ - ৪ac > ০$ হলে দুটি ভিন্ন বাস্তব মূল, $= ০$ হলে দুটি সমান বাস্তব মূল এবং < ০ হলে কোনো বাস্তব মূল থাকে না। অর্থাৎ বাস্তব মূল সর্বোচ্চ ২টি।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ১০১ (Type-1, প্রশ্ন ৫) — অনুরূপ

৫৪. কোন স্থানে যতজন লোক ছিল প্রত্যেকে তত পাঁচ টাকা করে চাঁদা দিলে মোট ৪৫০০ টাকা আদায় হয়। এখানে লোকসংখ্যা কত?

ক. ৯০০ জন খ. ৩০০ জন
গ. ৩০ জন ঘ. ১০ জন

উত্তর: গ. ৩০ জন

সমাধান: মনে করি, লোকসংখ্যা x জন। প্রত্যেকে দেয় $x \times ৫ = ৫x$ টাকা।
প্রশ্নমতে, $x \times ৫x = ৪৫০০$
বা, $৫x^২ = ৪৫০০$
বা, $x^২ = ৯০০$
$\therefore x = \sqrt{৯০০} = ৩০$ জন
যাচাই: প্রত্যেকে ৩০ × ৫ = ১৫০ টাকা; ৩০ × ১৫০ = ৪৫০০ টাকা

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৩২০ (প্রশ্ন ৫৭) ও ৮৪ (প্রশ্ন ১৬৭)

৫৫. $a \neq 0$ হলে, a^0 = কত?

ক. 0 খ. ১
গ. a ঘ. অনির্ণেয়

উত্তর: খ. ১

ব্যাখ্যা: সূচকের নিয়মে, $a^m \div a^m = a^{m-m} = a^0$; আবার $a^m \div a^m = 1$।
$\therefore a^0 = 1$ $(a \neq 0)$। অর্থাৎ শূন্য ছাড়া যেকোনো সংখ্যার শূন্য ঘাত 1; তবে 0^0 অনির্ণেয়।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ১২৮ (Type-5, প্রশ্ন ৫৯)

৫৬. $\log_২ 16$ = কত?

ক. 2 খ. 3
গ. 4 ঘ. 8

উত্তর: গ. 4

সমাধান: $\log_২ 16 = \log_২ ২^৪ = ৪ \log_২ ২ = ৪ \times ১ = ৪$
বিকল্পভাবে: $২^৪ = ১৬$, তাই $\log_২ 16 = ৪$

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ১৪২ (প্রশ্ন ২৬)

৫৭. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ১২৩। ক্ষুদ্রতম সংখ্যাটি কত?

ক. ৪০ খ. ৪১
গ. ৫১ ঘ. ৫২

উত্তর: ক. ৪০

সমাধান: মনে করি, ক্রমিক সংখ্যা তিনটি x, $x + ১$ ও $x + ২$।
প্রশ্নমতে, $x + (x + ১) + (x + ২) = ১২৩$
বা, $৩x + ৩ = ১২৩$
বা, $৩x = ১২০$
$\therefore x = ৪০$; সংখ্যা তিনটি ৪০, ৪১, ৪২

জেনে রাখুন: শর্টকাট: মধ্যম সংখ্যা = ১২৩ ÷ ৩ = ৪১; তাই ক্ষুদ্রতম সংখ্যা ৪১ − ১ = ৪০।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৩৪০ (Type-2, প্রশ্ন ২২) ও ৭৪ (প্রশ্ন ৯০) — অনুরূপ

৫৮. কোন সংখ্যার ১৫% সমান ৫৪ হবে?

ক. ৩০০ খ. ৩৫০
গ. ৩৬০ ঘ. ৩৭৫

উত্তর: গ. ৩৬০

সমাধান: মনে করি, সংখ্যাটি x।
প্রশ্নমতে, x এর ১৫% = ৫৪
বা, $x \times \frac{১৫}{১০০} = ৫৪$
$\therefore x = \frac{৫৪ \times ১০০}{১৫} = ৩৬০$
যাচাই: ৩৬০ এর ১৫% = ৫৪

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৪৩৪ (প্রশ্ন ৫৬) ও ৪৩৫ (প্রশ্ন ৫৯) — অনুরূপ

৫৯. a এর মান কত হলে $(x^2 + 4x + 1 + a)$ রাশিটি পূর্ণবর্গ হবে?

ক. 0 খ. 1
গ. 2 ঘ. 3

উত্তর: ঘ. 3

সমাধান: $x^2 + 4x + 1 + a = x^2 + 2 \cdot x \cdot 2 + 2^2 - 4 + 1 + a$
$= (x + 2)^2 + (a - 3)$
রাশিটি পূর্ণবর্গ হতে হলে $a - 3 = 0$
$\therefore a = 3$

জেনে রাখুন: শর্টকাট: $x^2 + bx + c$ পূর্ণবর্গ হলে $c = (\frac{b}{2})^2$; এখানে $(\frac{4}{2})^2 = 4 = 1 + a$, তাই $a = 3$।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ১০২ (Type-2, প্রশ্ন ১৪) — অনুরূপ

৬০. $p = a.b$ হলে, এবং a ও b উভয়কে ১০% করে বৃদ্ধি করলে p এর মান শতকরা কত বৃদ্ধি পাবে?

ক. ১০% খ. ২০%
গ. ২১% ঘ. ৩০%

উত্তর: গ. ২১%

সমাধান: বৃদ্ধির পর a হয় $\frac{১১০a}{১০০}$ এবং b হয় $\frac{১১০b}{১০০}$।
নতুন $p = \frac{১১০a}{১০০} \times \frac{১১০b}{১০০} = ১.২১ab = ১.২১p$
$\therefore p$ বৃদ্ধি পায় $(১.২১ - ১) \times ১০০\% = ২১\%$

জেনে রাখুন: শর্টকাট: দুটি রাশি $x\%$ ও $y\%$ বাড়লে গুণফল বাড়ে $(x + y + \frac{xy}{১০০})\%$; এখানে $১০ + ১০ + \frac{১০ \times ১০}{১০০} = ২১\%$।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৪৪৬ (Type-6, প্রশ্ন ১২৪) ও ৪৪৫ (৪৭তম বিসিএস, প্রশ্ন ১১৮)

৬১. গোলকের কেন্দ্র কয়টি?

ক. ১টি খ. ২টি
গ. ৩টি ঘ. ৪টি

উত্তর: ক. ১টি

ব্যাখ্যা: গোলক একটি ত্রিমাত্রিক বস্তু, যার পৃষ্ঠের প্রতিটি বিন্দু একটি নির্দিষ্ট বিন্দু থেকে সমান দূরত্বে থাকে; ঐ নির্দিষ্ট বিন্দুই গোলকের কেন্দ্র। তাই গোলকের কেন্দ্র ১টি।
কেন্দ্র থেকে পৃষ্ঠের দূরত্ব ব্যাসার্ধ (r); গোলকের আয়তন $\frac{৪}{৩}\pi r^৩$ এবং পৃষ্ঠতলের ক্ষেত্রফল $৪\pi r^২$।

৬২. রম্বসের কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত?

ক. ৪৫° খ. ৯০°
গ. ১২০° ঘ. ১৮০°

উত্তর: খ. ৯০°

ব্যাখ্যা: রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে; তাই কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ ৯০°।
আয়তক্ষেত্রের কর্ণদ্বয় সমান হলেও (বর্গক্ষেত্র ছাড়া) পরস্পরকে সমকোণে ছেদ করে না।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৫৯৯ (Type-5) ও ৬০০ (প্রশ্ন ২৮৫)

৬৩. একটি সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য ৬° হলে ক্ষুদ্রতম কোণের মান কত?

ক. ৩২° খ. ৩৮°
গ. ৪২° ঘ. ৪৮°

উত্তর: গ. ৪২°

সমাধান: সমকোণী ত্রিভুজের একটি কোণ ৯০°, তাই সূক্ষ্মকোণদ্বয়ের যোগফল = ১৮০° − ৯০° = ৯০°।
মনে করি, ক্ষুদ্রতম কোণ x; অপর সূক্ষ্মকোণ $x + ৬°$।
প্রশ্নমতে, $x + x + ৬° = ৯০°$
বা, $২x = ৮৪°$
$\therefore x = ৪২°$ (অপর সূক্ষ্মকোণ ৪৮°)

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৫৮৮ (Type-4, প্রশ্ন ১৯১)

৬৪. একটি রম্বসের কর্ণদ্বয় ৪০ সে.মি. ও ৬০ সে.মি.। রম্বসটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ক. ২৪০০ খ. ১২০০
গ. ১৪৪ ঘ. ৩৬০০

উত্তর: খ. ১২০০

সমাধান: রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times d_১ \times d_২$
$= \frac{১}{২} \times ৪০ \times ৬০$ বর্গ সে.মি.
$\therefore$ ক্ষেত্রফল = ১২০০ বর্গ সে.মি.

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৬৫৮ (Type-2, প্রশ্ন ২২৮) ও ৬০১ (প্রশ্ন ২৯৫)

৬৫. বৃত্তের উপরস্থ কোন বিন্দুতে কয়টি স্পর্শক আঁকা যায়?

ক. ১টি খ. ২টি
গ. ৩টি ঘ. ৪টি

উত্তর: ক. ১টি

ব্যাখ্যা: বৃত্তের উপরস্থ কোনো বিন্দুতে একটি এবং কেবল একটি স্পর্শক আঁকা যায়; স্পর্শকটি স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের ওপর লম্ব।
বৃত্তের বহিঃস্থ বিন্দু থেকে দুটি স্পর্শক আঁকা যায়, কিন্তু অন্তঃস্থ বিন্দু থেকে কোনো স্পর্শক আঁকা যায় না।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি গণিত; মার্চ ২০২৬; পৃষ্ঠা: ৬১৩ (Type-7, প্রশ্ন ৩৯৪) ও ৬০৭

সাধারণ বিজ্ঞান (প্রশ্ন ৬৬–৭৫)

৬৬. শব্দের তীক্ষ্ণতা মাপা হয় কী দিয়ে?

ক. ডেসিবেল খ. অ্যাম্পিয়ার
গ. ক্যালরি ঘ. জুল

উত্তর: ক. ডেসিবেল

ব্যাখ্যা: অপশনগুলোর মধ্যে শব্দসংক্রান্ত একক একমাত্র ডেসিবেল (dB)। ডেসিবেল প্রকৃতপক্ষে শব্দের তীব্রতা বা প্রাবল্য (loudness) পরিমাপের একক।
অ্যাম্পিয়ার – তড়িৎপ্রবাহের একক; ক্যালরি – তাপের একক; জুল – কাজ ও শক্তির একক।
বিশেষ দ্রষ্টব্য: শব্দের তীক্ষ্ণতা (pitch) নির্ভর করে কম্পাঙ্কের ওপর, যার একক হার্টজ (Hz)। প্রশ্নে 'তীব্রতা' বোঝানো হয়েছে ধরে ডেসিবেল-ই প্রত্যাশিত উত্তর।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ৬১ (প্রশ্ন ১)

৬৭. ডুবোজাহাজ কোন যন্ত্রের সাহায্যে পানির নিচ থেকে উপরের দৃশ্য দেখে?

ক. পেরিস্কোপ খ. পেরিমিটার
গ. টেলিস্কোপ ঘ. মাইক্রোস্কোপ

উত্তর: ক. পেরিস্কোপ

ব্যাখ্যা: পেরিস্কোপে দুটি সমতল দর্পণ (বা প্রিজম) পরস্পর সমান্তরালে 45° কোণে বসানো থাকে; আলোর প্রতিফলনের মাধ্যমে ডুবোজাহাজ পানির নিচ থেকে উপরের দৃশ্য দেখে।
টেলিস্কোপ দিয়ে দূরের বস্তু এবং মাইক্রোস্কোপ দিয়ে অতি ক্ষুদ্র বস্তু দেখা হয়।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ৮৩ (প্রশ্ন ৩) ও ১৪ (তালিকা)

৬৮. সময়ের সাথে সরণের পরিবর্তনকে কী বলে?

ক. দ্রুতি খ. বেগ
গ. গতি ঘ. ত্বরণ

উত্তর: খ. বেগ

ব্যাখ্যা: সময়ের সাথে বস্তুর সরণের পরিবর্তনের হারকে বেগ বলে; বেগ = সরণ ÷ সময়। এটি ভেক্টর রাশি, একক m/s।
দ্রুতি = দূরত্ব ÷ সময় (স্কেলার রাশি); ত্বরণ = বেগের পরিবর্তনের হার।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ১৭

৬৯. কোন বস্তুর ভর ১০ কিলোগ্রাম হলে পৃথিবীপৃষ্ঠে বস্তুর ওজন-

ক. ৯.৮ নিউটন খ. ৯৮ নিউটন
গ. ১০ নিউটন ঘ. ১০০ নিউটন

উত্তর: খ. ৯৮ নিউটন

ব্যাখ্যা: ওজন $W = mg$, যেখানে পৃথিবীপৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ $g = ৯.৮$ m/s²।
$\therefore W = ১০ \times ৯.৮ = ৯৮$ নিউটন।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ২৪ (প্রশ্ন ৯)

৭০. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?

ক. শূন্যতায় খ. লোহা
গ. পানি ঘ. বাতাস

উত্তর: খ. লোহা

ব্যাখ্যা: শব্দের বেগ কঠিন মাধ্যমে সবচেয়ে বেশি, তরলে কম এবং বায়বীয় মাধ্যমে আরও কম। লোহায় শব্দের বেগ প্রায় ৫২২১ মি./সে., পানিতে প্রায় ১৪৫০ মি./সে. এবং বাতাসে প্রায় ৩৩২ মি./সে.।
শব্দ চলাচলের জন্য মাধ্যম লাগে, তাই শূন্যতায় শব্দ চলতে পারে না।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ৫৬ (প্রশ্ন ৬)

৭১. বাংলাদেশের বাসাবাড়িতে সরবরাহকৃত বিদ্যুতের ফ্রিকোয়েন্সি হলো-

ক. ৫০ হার্জ খ. ৬০ হার্জ
গ. ১১০ হার্জ ঘ. ২২০ হার্জ

উত্তর: ক. ৫০ হার্জ

ব্যাখ্যা: বাংলাদেশে বাসাবাড়িতে সরবরাহকৃত পরিবর্তী প্রবাহের (AC) কম্পাঙ্ক ৫০ হার্জ এবং ভোল্টেজ ২২০ ভোল্ট।
যুক্তরাষ্ট্রসহ কিছু দেশে কম্পাঙ্ক ৬০ হার্জ।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ৯৪ (প্রশ্ন ৩) ও ৯৩

৭২. AC কে DC করার যন্ত্র-

ক. রেকটিফায়ার খ. অ্যামপ্লিফায়ার
গ. ট্রানজিস্টর ঘ. ডায়োড

উত্তর: ক. রেকটিফায়ার

ব্যাখ্যা: পরিবর্তী প্রবাহকে (AC) একমুখী প্রবাহে (DC) রূপান্তরের যন্ত্র রেকটিফায়ার; এতে মূল উপাদান হিসেবে ডায়োড ব্যবহৃত হয়।
বিপরীতে DC-কে AC করার যন্ত্র ইনভার্টার; অ্যামপ্লিফায়ার সংকেতকে বিবর্ধিত করে।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ১২০ (প্রশ্ন ২) ও ১১৭

৭৩. গামা রশ্মির চার্জ কোনটি?

ক. ধনাত্মক খ. ঋণাত্মক
গ. চার্জ নিরপেক্ষ ঘ. ধনাত্মক ও ঋণাত্মক

উত্তর: গ. চার্জ নিরপেক্ষ

ব্যাখ্যা: গামা রশ্মি অতি উচ্চ কম্পাঙ্কের তড়িৎচৌম্বক তরঙ্গ; এর কোনো চার্জ ও ভর নেই, তাই এটি চার্জ নিরপেক্ষ এবং চৌম্বক বা তড়িৎক্ষেত্রে বিচ্যুত হয় না।
আলফা কণা ধনাত্মক (+২) এবং বিটা কণা ঋণাত্মক চার্জযুক্ত।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ১৩০ (প্রশ্ন ৩) ও ১২৯

৭৪. কোনটি মৌলিক পদার্থ?

ক. চিনি খ. নিয়ন
গ. লবণ ঘ. পানি

উত্তর: খ. নিয়ন

ব্যাখ্যা: যে পদার্থকে রাসায়নিকভাবে ভাঙলে ভিন্ন ধর্মের অন্য কোনো পদার্থ পাওয়া যায় না, তা মৌলিক পদার্থ। নিয়ন (Ne, পারমাণবিক সংখ্যা ১০) একটি নিষ্ক্রিয় গ্যাস মৌল।
চিনি ($C_{12}H_{22}O_{11}$), লবণ (NaCl) ও পানি (H_2O) যৌগিক পদার্থ।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ১৫৮ (প্রশ্ন ৪) ও ১৫৭ (তালিকা)

৭৫. অ্যান্টিবায়োটিক কাদের উপর কোনোরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে না?

ক. ব্যাকটেরিয়া খ. ছত্রাক
গ. শৈবাল ঘ. ভাইরাস

উত্তর: ঘ. ভাইরাস

ব্যাখ্যা: অ্যান্টিবায়োটিক মূলত ব্যাকটেরিয়ার কোষপ্রাচীর বা প্রোটিন সংশ্লেষণে বাধা দিয়ে কাজ করে। ভাইরাসের নিজস্ব কোষীয় গঠন ও বিপাক নেই, তাই অ্যান্টিবায়োটিক ভাইরাসের ওপর কাজ করে না।
ভাইরাসজনিত রোগে অ্যান্টিভাইরাল ওষুধ ও টিকা ব্যবহৃত হয়।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি সাধারণ বিজ্ঞান; নভেম্বর ২০২৫; পৃষ্ঠা: ২৫২ (প্রশ্ন ৭)

বাংলাদেশ বিষয়াবলি (প্রশ্ন ৭৬–৮৮)

৭৬. বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র কোনটি?

ক. মাতারবাড়ি খ. হাতিয়া প্রণালী
গ. জাফোর্ড পয়েন্ট ঘ. সাঙ্গু

উত্তর: ঘ. সাঙ্গু

ব্যাখ্যা: বঙ্গোপসাগরে চট্টগ্রাম উপকূলের অদূরে অবস্থিত সাঙ্গু বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র। ১৯৯৬ সালে আবিষ্কৃত এই ক্ষেত্র থেকে ১৯৯৮ সালে গ্যাস উত্তোলন শুরু হয়; মজুত শেষ হওয়ায় পরে উত্তোলন বন্ধ হয়ে যায়।

জেনে রাখুন: বাংলাদেশের সমুদ্র উপকূলীয় এলাকার গ্যাসক্ষেত্র দুটি: সাঙ্গু ও কুতুবদিয়া।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ২৮২ (৪২তম বিসিএস, প্রশ্ন ৩৩) ও ২৮০

৭৭. উয়ারী-বটেশ্বর সভ্যতা কত প্রাচীন?

ক. ২৫০০ বছর খ. ১০০০ বছর
গ. ১৫০০ বছর ঘ. ৩০০০ বছর

উত্তর: ক. ২৫০০ বছর

ব্যাখ্যা: নরসিংদী জেলার বেলাব ও শিবপুর উপজেলায় অবস্থিত উয়ারী-বটেশ্বর প্রায় আড়াই হাজার (২৫০০) বছরের পুরোনো দুর্গ-নগর।
এখানে ছাপাঙ্কিত রৌপ্যমুদ্রা, পুঁতি, মৃৎপাত্র ও পাকা রাস্তার নিদর্শন পাওয়া গেছে; জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগ এখানে খননকাজ পরিচালনা করে।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৪৪০ (প্রশ্ন ৩)

৭৮. বাংলাদেশের সর্ববৃহৎ পোড়ামাটির ফলকচিত্র কোথায় রয়েছে?
ক. কুমিল্লার ময়নামতি খ. নওগাঁর পাহাড়পুর
গ. রংপুর ঘ. বগুড়ার মহাস্থানগড়
উত্তর: খ. নওগাঁর পাহাড়পুর
ব্যাখ্যা: নওগাঁর পাহাড়পুরে অবস্থিত সোমপুর মহাবিহারের দেয়ালে প্রায় দুই হাজার পোড়ামাটির ফলক (টেরাকোটা) রয়েছে, যা দেশে পোড়ামাটির ফলকচিত্রের সবচেয়ে বড় সমাবেশ।
পাল রাজা ধর্মপাল অষ্টম শতকে বিহারটি নির্মাণ করেন; ১৯৮৫ সালে এটি ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যের তালিকায় স্থান পায়।

৭৯. বাংলাদেশের জাতিতাত্ত্বিক জাদুঘর কোথায় অবস্থিত?
ক. আগ্রাবাদ, চট্টগ্রাম
খ. রাজশাহী
গ. আগারগাঁও, ঢাকা
ঘ. ময়মনসিংহ
উত্তর: ক. আগ্রাবাদ, চট্টগ্রাম
ব্যাখ্যা: দেশের একমাত্র জাতিতাত্ত্বিক জাদুঘর চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত। এখানে বাংলাদেশের বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনযাত্রা, পোশাক ও ব্যবহার্য সামগ্রী সংরক্ষিত আছে।
রাজশাহীতে বরেন্দ্র গবেষণা জাদুঘর এবং ঢাকার আগারগাঁওয়ে মুক্তিযুদ্ধ জাদুঘর অবস্থিত।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ১৮১ (প্রশ্ন ৫)

৮০. বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কী ধরনের সংস্থা?
ক. সাংবিধানিক খ. সরকারি
গ. সংবিধিবদ্ধ ঘ. বেসরকারি
উত্তর: গ. সংবিধিবদ্ধ
ব্যাখ্যা: বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন 'প্রতিযোগিতা আইন, ২০১২'-এর অধীনে গঠিত একটি সংবিধিবদ্ধ (statutory) সংস্থা; অর্থাৎ সংবিধান নয়, সংসদে প্রণীত আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত।
বাজারে অসম প্রতিযোগিতা, যোগসাজশ ও একচেটিয়া আধিপত্য রোধ করা এর কাজ।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৩৪১ (প্রশ্ন ১০)

৮১. ভোক্তা অধিকার নিয়ে কাজ করে?
ক. খানা খ. টিসিবি
গ. বিএসটিআই ঘ. ক্যাব
উত্তর: ঘ. ক্যাব
ব্যাখ্যা: কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) ভোক্তা অধিকার সংরক্ষণে কাজ করা দেশের প্রধান বেসরকারি সংগঠন; প্রতিষ্ঠা ১৯৭৮ সালে।
টিসিবি (ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ) বাজারে নিত্যপণ্যের সরবরাহ ও দাম স্থিতিশীল রাখে; বিএসটিআই পণ্যের মান নির্ধারণ ও সনদ দেয়।
জেনে রাখুন: সরকারি পর্যায়ে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর অধীনে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর কাজ করে।

৮২. পাটের জীবন রহস্য আবিষ্কারে নেতৃত্ব দিয়েছেন?
ক. ড. মাকসুদুল আলম খ. ড. শফিকুল ইসলাম
গ. ড. মিজানুর রহমান ঘ. ড. মাহতাব উদ্দিন
উত্তর: ক. ড. মাকসুদুল আলম
ব্যাখ্যা: বাংলাদেশি বিজ্ঞানী ড. মাকসুদুল আলমের নেতৃত্বে দেশীয় একদল গবেষক ২০১০ সালে তোষা পাটের জিনোম সিকোয়েন্স বা জীবন রহস্য উন্মোচন করেন।
পরে তাঁর নেতৃত্বে দেশি পাট ও পাটের জন্য ক্ষতিকর ছত্রাকের জীবন রহস্যও উন্মোচিত হয়।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ১৯৪ (প্রশ্ন ৯ ও ১০)

৮৩. বাংলাদেশের আঞ্চলিক নৃত্য 'জারি' হলো-
ক. রংপুর অঞ্চলের খ. সিলেট অঞ্চলের
গ. ফরিদপুর অঞ্চলের ঘ. ঢাকা অঞ্চলের
উত্তর: ঘ. ঢাকা অঞ্চলের
ব্যাখ্যা: মহররমে কারবালার শোকগাথা অবলম্বনে পরিবেশিত জারি নাচ ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের আঞ্চলিক নৃত্য।
অন্যান্য আঞ্চলিক নৃত্য: মণিপুরী (সিলেট), ঝুমুর (রংপুর ও রাজশাহী), ধূপ (খুলনা, যশোর, ফরিদপুর), ডাকনাচ (মানিকগঞ্জ)।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ১৭৯ (তালিকা)

৮৪. উইংস কোথায় ব্যবহৃত হয়?
ক. সংগীতে খ. নাটকে
গ. মঞ্চে ঘ. উড়োজাহাজে
উত্তর: গ. মঞ্চে
ব্যাখ্যা: 'উইংস' (wings) মঞ্চের পরিভাষা: মঞ্চের দুই পাশের পর্দা-ঘেরা অংশ, যা দর্শকের চোখের আড়ালে থাকে। অভিনেতারা এখান থেকে মঞ্চে প্রবেশ করেন এবং দৃশ্যসজ্জার সরঞ্জাম রাখা হয়।
মঞ্চের অন্যান্য পরিভাষা: প্রসেনিয়াম, ব্যাকস্টেজ, গ্রিনরুম।

৮৫. ডেমোগ্রাফিক ডিভিডেন্ড কী?
ক. মাতৃমৃত্যুহার হ্রাস
খ. অধিকাংশ বেকার
গ. কর্মক্ষম জনগোষ্ঠীর অনুপাত বৃদ্ধি
ঘ. জন্মহার শূন্যের কোঠায় আনা
উত্তর: গ. কর্মক্ষম জনগোষ্ঠীর অনুপাত বৃদ্ধি
ব্যাখ্যা: কোনো দেশে নির্ভরশীল জনগোষ্ঠীর তুলনায় কর্মক্ষম (১৫–৬৪ বছর বয়সী) জনগোষ্ঠীর অনুপাত বেড়ে গেলে যে অর্থনৈতিক সুবিধা পাওয়ার সম্ভাবনা তৈরি হয়, তাকে ডেমোগ্রাফিক ডিভিডেন্ড বা জনমিতিক লভ্যাংশ বলে।
এ সুবিধা কাজে লাগাতে কর্মক্ষম জনগোষ্ঠীর শিক্ষা, দক্ষতা ও কর্মসংস্থান নিশ্চিত করা জরুরি।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ২১১ (প্রশ্ন ১৯)

৮৬. কোন দেশ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি দিয়েছে?
ক. লাইবেরিয়া খ. ঘানা
গ. নামিবিয়া ঘ. সিয়েরালিওন
উত্তর: ঘ. সিয়েরালিওন
ব্যাখ্যা: পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরা লিওন ২০০২ সালে বাংলাকে সম্মানসূচক সরকারি ভাষার মর্যাদা দেয়।
দেশটির গৃহযুদ্ধ-পরবর্তী শান্তি প্রতিষ্ঠায় জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশি শান্তিরক্ষীদের ভূমিকার স্বীকৃতি হিসেবে এ সিদ্ধান্ত নেওয়া হয়।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ১৬৩ (প্রশ্ন ৯)

৮৭. বাংলাদেশের রুটির ঝুড়ি বলা হয় কোন জেলাকে?
ক. নওগাঁ খ. ঠাকুরগাঁও
গ. যশোর ঘ. শেরপুর
উত্তর: খ. ঠাকুরগাঁও
ব্যাখ্যা: গম উৎপাদনে দেশের শীর্ষস্থানীয় জেলা ঠাকুরগাঁও; গম থেকে রুটি তৈরি হয় বলে ঠাকুরগাঁওকে 'বাংলাদেশের রুটির ঝুড়ি' বলা হয়।
অন্যদিকে বরিশালকে 'বাংলার শস্যভান্ডার' বলা হয়।
কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৪৪২ (তালিকা) ও ১৯৯

৮৮. বাংলাদেশের সংবিধানের কোনভাগে রাষ্ট্র পরিচালনার মূলনীতি বর্ণিত?

ক. প্রথম ভাগ
খ. চতুর্থ ভাগ
গ. পঞ্চম ভাগ
ঘ. দ্বিতীয় ভাগ

উত্তর: ঘ. দ্বিতীয় ভাগ

ব্যাখ্যা: বাংলাদেশের সংবিধানের দ্বিতীয় ভাগে (অনুচ্ছেদ ৮–২৫) রাষ্ট্র পরিচালনার মূলনীতি বর্ণিত হয়েছে।
প্রথম ভাগে প্রজাতন্ত্র, তৃতীয় ভাগে মৌলিক অধিকার, চতুর্থ ভাগে নির্বাহী বিভাগ এবং পঞ্চম ভাগে আইনসভা সম্পর্কে বলা হয়েছে।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি বাংলাদেশ বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ২৯৮ (প্রশ্ন ২) ও ২৯৪ (তালিকা)

আন্তর্জাতিক বিষয়াবলি (প্রশ্ন ৮৯–১০০)

৮৯. AUKUS চুক্তির প্রাথমিক লক্ষ্য কী?

ক. মহাকাশ গবেষণা
খ. পরিবেশ সুরক্ষা
গ. অর্থনৈতিক সহযোগিতা
ঘ. সামরিক সহযোগিতা

উত্তর: ঘ. সামরিক সহযোগিতা

ব্যাখ্যা: AUKUS হলো অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের ত্রিপক্ষীয় নিরাপত্তা ও সামরিক সহযোগিতা চুক্তি, ঘোষিত হয় সেপ্টেম্বর ২০২১-এ। এর আওতায় অস্ট্রেলিয়াকে পারমাণবিক শক্তিচালিত সাবমেরিন প্রযুক্তি দেওয়া হচ্ছে; মূল লক্ষ্য ইন্দো-প্যাসিফিক অঞ্চলে চীনের ক্রমবর্ধমান প্রভাব মোকাবিলা।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ২১৮ ও ৩১৫

৯০. কোন দেশটি Five Eyes ভুক্ত নয়?

ক. ফ্রান্স
খ. নিউজিল্যান্ড
গ. অস্ট্রেলিয়া
ঘ. কানাডা

উত্তর: ক. ফ্রান্স

ব্যাখ্যা: Five Eyes পাঁচটি ইংরেজিভাষী দেশের গোয়েন্দা তথ্য আদান-প্রদানের জোট: যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড। ফ্রান্স এর সদস্য নয়।
জোটটির ভিত্তি ১৯৪৬ সালের UKUSA Agreement।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৫৩৮ (৪৯তম বিসিএস, প্রশ্ন ৫)

৯১. কেপ ভার্দে দ্বীপ রাষ্ট্রটি কোথায় অবস্থিত?

ক. গালফ অব পারশিয়া
খ. পশ্চিম আফ্রিকা
গ. দক্ষিণ আমেরিকা
ঘ. ফ্রেঞ্চ পলিনেশিয়া

উত্তর: খ. পশ্চিম আফ্রিকা

ব্যাখ্যা: কেপ ভার্দে (Cabo Verde) পশ্চিম আফ্রিকার উপকূল থেকে প্রায় ৫৭০ কিলোমিটার দূরে আটলান্টিক মহাসাগরে অবস্থিত ১০টি দ্বীপের সমন্বয়ে গঠিত রাষ্ট্র।
রাজধানী প্রাইয়া; ১৯৭৫ সালে পর্তুগালের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। দেশটি পশ্চিম আফ্রিকার আঞ্চলিক জোট ECOWAS-এর সদস্য।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৫৩৮ (৪৯তম বিসিএস, প্রশ্ন ৭) ও ১৬৯ (প্রশ্ন ১)

৯২. প্রাচীনকালে কোন দেশে সিভিল সার্ভিসের ধারণা প্রথম উদ্ভূত হয়?

ক. রোম
খ. ইংল্যান্ড
গ. গ্রিস
ঘ. চীন

উত্তর: ঘ. চীন

ব্যাখ্যা: প্রাচীন চীনে হান রাজবংশের আমলে পরীক্ষার মাধ্যমে মেধাভিত্তিক সরকারি কর্মকর্তা নিয়োগের সূচনা হয়; পরে সুই ও তাং রাজবংশের সময় রাজকীয় প্রতিযোগিতামূলক পরীক্ষাব্যবস্থা প্রাতিষ্ঠানিক রূপ পায়।
আধুনিক মেধাভিত্তিক সিভিল সার্ভিসের ধারণাও চীন থেকেই উৎসারিত বলে ধরা হয়।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৮৪ (৪২তম বিসিএস, প্রশ্ন ১)

৯৩. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (SDG) চতুর্থ লক্ষ্যমাত্রা কোনটি?

ক. জলবায়ু কার্যক্রম
খ. দারিদ্র্য বিমোচন
গ. যুব কর্মসংস্থান
ঘ. মানসম্মত শিক্ষা

উত্তর: ঘ. মানসম্মত শিক্ষা

ব্যাখ্যা: SDG-এর চতুর্থ লক্ষ্যমাত্রা মানসম্মত শিক্ষা (Quality Education)।
SDG-তে ১৭টি লক্ষ্য ও ১৬৯টি সহায়ক লক্ষ্যমাত্রা রয়েছে (২০১৬–২০৩০)। লক্ষ্য ১ দারিদ্র্য বিলোপ, লক্ষ্য ৮ শোভন কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি, লক্ষ্য ১৩ জলবায়ু কার্যক্রম।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ২৯০ (৪৬তম বিসিএস, প্রশ্ন ২০) ও ৫৪৫

৯৪. Friday For Future কোন ধরনের আন্দোলন?

ক. ধর্মীয়
খ. শান্তিকামী
গ. পরিবেশবাদী
ঘ. গণতান্ত্রিক

উত্তর: গ. পরিবেশবাদী

ব্যাখ্যা: 'Fridays for Future' জলবায়ু পরিবর্তন রোধে সক্রিয় পদক্ষেপের দাবিতে গড়ে ওঠা বিশ্বব্যাপী পরিবেশবাদী আন্দোলন।
২০১৮ সালের আগস্টে সুইডিশ কিশোরী গ্রেটা থুনবার্গ সুইডিশ পার্লামেন্টের সামনে স্কুল ধর্মঘটের মাধ্যমে এর সূচনা করেন।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ২৪৪ (৪৬তম বিসিএস, প্রশ্ন ২৭) ও ৫৪৫ (প্রশ্ন ১৭)

৯৫. COP-26 কোথায় অনুষ্ঠিত হয়?

ক. গ্লাসগো
খ. প্যারিস
গ. ভার্জিনিয়া
ঘ. মেক্সিকো সিটি

উত্তর: ক. গ্লাসগো

ব্যাখ্যা: জাতিসংঘ জলবায়ু সম্মেলন COP-26 যুক্তরাজ্যের স্কটল্যান্ডের গ্লাসগো শহরে ২০২১ সালের ৩১ অক্টোবর–১৩ নভেম্বর অনুষ্ঠিত হয়; এতে 'Glasgow Climate Pact' গৃহীত হয়।
COP-21 (২০১৫) অনুষ্ঠিত হয় প্যারিসে, যেখানে প্যারিস জলবায়ু চুক্তি গৃহীত হয়।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৫৪৮ (৪৪তম বিসিএস, প্রশ্ন ৪)

৯৬. কোন সংস্থাটির স্থায়ী সদর দপ্তর নেই?

ক. EU
খ. NAM
গ. ASEAN
ঘ. NATO

উত্তর: খ. NAM

ব্যাখ্যা: জোটনিরপেক্ষ আন্দোলনের (NAM) কোনো স্থায়ী সদর দপ্তর বা সচিবালয় নেই; সভাপতি দেশই এর কার্যক্রম পরিচালনা করে। ১৯৬১ সালে বেলগ্রেড সম্মেলনের মাধ্যমে এর যাত্রা শুরু।
EU ও NATO-র সদর দপ্তর ব্রাসেলস এবং ASEAN-এর সদর দপ্তর জাকার্তা।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৫৫৫ (৪০তম বিসিএস, প্রশ্ন ১৯) ও ৩০৬ (প্রশ্ন ৭)

৯৭. Cosy Bear কী?

ক. চুক্তি
খ. নক্ষত্র
গ. হ্যাকার গ্রুপ
ঘ. খেলনা প্রস্তুতকারী প্রতিষ্ঠান

উত্তর: গ. হ্যাকার গ্রুপ

ব্যাখ্যা: Cozy Bear (Cosy Bear, APT29 নামেও পরিচিত) রাশিয়ার বৈদেশিক গোয়েন্দা সংস্থা SVR-এর সঙ্গে যুক্ত বলে অভিযুক্ত একটি হ্যাকার গোষ্ঠী।
২০২০ সালের SolarWinds সাইবার হামলাসহ বিভিন্ন দেশের সরকারি নেটওয়ার্কে অনুপ্রবেশের জন্য এটি আলোচিত। রাশিয়ার আরেকটি হ্যাকার গোষ্ঠী Fancy Bear (APT28)।

৯৮. বিশ্বব্যাংকের Soft Loan Window-

ক. IFC খ. IDA
গ. IBRD ঘ. MIGA

উত্তর: খ. IDA

ব্যাখ্যা: IDA (International Development Association, প্রতিষ্ঠা ১৯৬০) বিশ্বের দরিদ্রতম দেশগুলোকে দীর্ঘমেয়াদে শূন্য বা অতি স্বল্প সুদে ঋণ ও অনুদান দেয়; তাই একে বিশ্বব্যাংকের 'Soft Loan Window' বলা হয়।
IBRD মধ্যম আয়ের দেশকে ঋণ দেয়, IFC বেসরকারি খাতে বিনিয়োগ করে এবং MIGA বিনিয়োগের নিশ্চয়তা দেয়।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ৩৪৭ (প্রশ্ন ৮) ও ৫৭৪ (২৬তম বিসিএস, প্রশ্ন ৩৯)

৯৯. গ্রিনল্যান্ড দ্বীপটির মালিকানা কোন দেশের?

ক. ইংল্যান্ড খ. কানাডা
গ. নেদারল্যান্ড ঘ. ডেনমার্ক

উত্তর: ঘ. ডেনমার্ক

ব্যাখ্যা: বিশ্বের বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ড ডেনমার্ক রাজ্যের অন্তর্ভুক্ত একটি স্বায়ত্তশাসিত অঞ্চল (অক্টোবর ২০২৬ পর্যন্ত)। এর রাজধানী নুক; প্রতিরক্ষা ও পররাষ্ট্রনীতি ডেনমার্ক নিয়ন্ত্রণ করে।

হালনাগাদ: সেপ্টেম্বর ২০২৬-এ জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের সময় যুক্তরাষ্ট্র, ডেনমার্ক ও গ্রিনল্যান্ডের মধ্যে একটি নিরাপত্তা চুক্তি স্বাক্ষরিত হয়, যাতে গ্রিনল্যান্ডে মার্কিন সামরিক উপস্থিতি বাড়ানোর কথা রয়েছে; তবে ডেনমার্ক ও গ্রিনল্যান্ড জানিয়েছে, ডেনমার্ক রাজ্যের সার্বভৌমত্ব ও আঞ্চলিক অখণ্ডতা অপরিবর্তিত থাকবে।

কমন: ওরাকল বিসিএস প্রিলিমিনারি আন্তর্জাতিক বিষয়াবলি; সেপ্টেম্বর ২০২৬; পৃষ্ঠা: ১১২ (প্রশ্ন ১ ও ২)

১০০. ২০২৬ সালে নোবেল শান্তি পুরস্কার জয়ী Navi Pillay কোন দেশের নাগরিক?

ক. শ্রীলংকা খ. কম্বোডিয়া
গ. ভারত ঘ. দক্ষিণ আফ্রিকা

উত্তর: ঘ. দক্ষিণ আফ্রিকা

ব্যাখ্যা: ২০২৬ সালের নোবেল শান্তি পুরস্কারজয়ী নাভি পিল্লাই (Navanethem Pillay) দক্ষিণ আফ্রিকার নাগরিক; নরওয়েজীয় নোবেল কমিটি ৯ অক্টোবর ২০২৬ তাঁর নাম ঘোষণা করে।
তামিল বংশোদ্ভূত এই আইনবিদ দক্ষিণ আফ্রিকার হাইকোর্টের প্রথম অশ্বেতাঙ্গ নারী বিচারক ছিলেন। তিনি রুয়ান্ডা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ও আন্তর্জাতিক অপরাধ আদালতের (ICC) বিচারক এবং ২০০৮–২০১৪ মেয়াদে জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনার ছিলেন।

